**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-09-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি এলাকায় ভিলেজ কমিটি নির্বাচনের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, গত তিন বছরে এনডিপিএস আইনে গ্রেপ্তার ২ হাজার ৮১৯ জন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন সন্ত্রাসবাদে দ্বিমুখী নীতির কোন স্থান নেই।**

**(৪) রাজ্যভিত্তিক স্কুল হ্যান্ডবল প্রতিযোগিতা আজ থেকে উদয়পুরে শুরু হয়েছে।**

**(৫) আন্তর্জাতিক ফুটবল থেকে অবসরের ঘোষণা করেছেন লিওনেল মেসি।**

*****************************

**VC–NOTIFICATION :**

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসি এলাকায় ভিলেজ কমিটি নির্বাচনের জন্য আজ আনুষ্ঠানিকভাবে বিজ্ঞপ্তি জারি হয়েছে। মোট ৫২ জন রিটার্নিং অফিসার স্ব স্ব নির্বাচনী ক্ষেত্রের জন্য বিজ্ঞপ্তি জারি করেন। বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গে আজ থেকে মনোনয়নপত্র গ্রহণের প্রক্রিয়া শুরু হয়েছে। মনোনয়নপত্র জমা দেওয়া যাবে আগামী ৮ই সেপ্টেম্বর পর্যন্ত। ৯ই সেপ্টেম্বর মনোনয়নপত্র পরীক্ষা করা হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ১১ই সেপ্টেম্বর। ভোট গ্রহণ ২৮শে সেপ্টেম্বর এবং ভোট গণনা ৫ই অক্টোবর। এডিসির ভিলেজ কমিটির নির্বাচনী প্রক্রিয়া শেষ হবে আগামী ৮ই অক্টোবর। রাজ্য নির্বাচন কমিশনার ডঃ প্রদীপ

কুমার চক্রবর্তী গতকাল বিকেলে নির্বাচন নির্ঘণ্ট ঘোষণা সঙ্গে সঙ্গে এডিসি এলাকায় নির্বাচনী আদর্শ আচরণবিধি কার্যকর হয়। নির্বাচন হবে ৫৮৭টি ভিলেজ কমিটির ২৬৩৪টি নির্বাচনী ক্ষেত্রের ৪৫৯৭টি আসনে। ভোটগ্রহণ করা হবে ১৫৫০টি ভোটকেন্দ্রে। ভিলেজ কমিটি নির্বাচনে মোট ভোটার রয়েছেন, ৯ লক্ষ ৬১ হাজার ৭৬০ জন। এরমধ্যে পুরুষ ভোটার ৪ লক্ষ ৮১ হাজার ৯০৯ জন, মহিলা ভোটার ৪ লক্ষ ৭৯ হাজার ৮৪৫ জন ও তৃতীয় লিঙ্গের ভোটার ৬ জন। উল্লেখ্য, ভিলেজ কমিটির সর্বশেষ নির্বাচন হয়েছিল ২০১৬ সালের ২৪শে ফেব্রুয়ারি।

*****************************

**All Parties Meeting-Pacherthal :**

ভিলেজ কমিটির নির্বাচনকে সামনে রেখে আজ পেঁচারথল ব্লকে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন রিটার্নিং অফিসার নবারুণ চক্রবর্তী, কুমারঘাটের SDPO ডেভিড দেববর্মা। বৈঠকে বিজেপি, কংগ্রেস, CPI(M), তিপরা মথা, ফরোয়ার্ড ব্লকের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। বৈঠক শেষে রিটার্নিং অফিসার নবারুণ চক্রবর্তী আকাশবাণীর জেলা সংবাদদাতাকে জানান, অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন সম্পন্ন করতে সবধরনের প্রশাসনিক উদ্যোগ নেওয়া হয়েছে। উল্লেখ্য পেঁচারথল ব্লক এলাকায় মোট ১৬টি ভিলেজ কমিটি রয়েছে। মোট ভোটারের সংখ্যা ৩৩ হাজার ৯৭৩ জন।

*****************************

**BJP Leaders Visit :**

এডিসি’র আসন্ন ভিলেজ কমিটি নির্বাচনে দলের রণকৌশল চূড়ান্ত করার জন্য বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক বি এল সন্তোষ আজ আগরতলায় এসেছেন। সরকারী অতিথিশালায় আজ বিজেপি’র সাংগঠনিক বৈঠকে ভিলেজ কমিটি নির্বাচনের প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিজেপি রাজ্য

সভাপতি অভিষেক দেবরায়, উত্তর পূর্বাঞ্চলের সমন্বয়ক ডঃ সম্বিত পাত্র, সহ-সমন্বয়ক রাজীব বব্বর, রাজ্য প্রভারী রাজদীপ রায়, সাংগঠনিক সম্পাদক রবীন্দ্র রাজু প্রমুখ।

*****************************

**Krishsk Sabha :**

সারা ভারত কৃষক সভার তিনদিনব্যাপী রাজ্য সম্মেলন আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। এই উপলক্ষে আজ দুপুরে আগরতলার বিবেকানন্দ ময়দানে প্রকাশ্য সমাবেশে ভাষন দিতে গিয়ে সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের বিভিন্ন নীতির সমালোচনা করেন। তিনি অভিযোগ করেন, দেশে কৃষকরা তাদের ফসলের ন্যায্য দাম পাচ্ছেন না। দ্রব্যমূল্য বাড়ছে। দেশে বেকারত্ব বাড়ছে। ত্রিপুরায় গ্রাম পাহাড়ে কাজের অভাবে বহু মানুষকে শহরে এসে কাজ খুঁজতে হচ্ছে। এডিসি প্রশাসনে অনিয়ম চলছে। রাজ্যে শিক্ষা ব্যবস্থার সমালোচনা করে শ্রী চৌধুরী আরো অভিযোগ করেন, শিক্ষক সংকটের কারণে পঠন-পাঠন ব্যাহত হচ্ছে। ফলে স্কুলছুট-এর সংখ্যা বাড়ছে।

সমাবেশে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সারা ভারত কৃষক সভার সর্বভারতীয় সাধারণ সম্পাদক বিজু কৃষ্ণান ও রাজ্য সম্পাদক পবিত্র কর, কৃষক নেতা হান্নান মোল্লা, অমল হালদার, বিপ্লব মজুমদার, কৃষকসভার রাজ্য সভাপতি অঘোর দেববর্মা প্রমুখ।

****************************

**NDPS-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, গত তিন বছরে এনডিপিএস আইনে রাজ্যের বিভিন্ন থানায় ১ হাজার ৬২৫টি মামলা নথিভুক্ত হয়েছে। এই মামলাগুলিতে ধৃতদের সংখ্যা ২ হাজার ৮১৯ জন। বিধায়ক বীরজিৎ সিনহার প্রশ্নের উত্তরে তিনি এতথ্য জানান।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কিরগিজস্তানের রাজধানী বিশকেকে ‘সাংহাই সহযোগিতা সংগঠন’-এর ২৬তম শীর্ষ সম্মেলনে বক্তব্য রেখেছেন। তিনি সদস্য দেশগুলোর প্রতি সন্ত্রাসবাদকে আর্থিক মদত না দেওয়া, মৌলবাদ সমর্থন না করা এবং সন্ত্রাসবাদীদের নিরাপদ আশ্রয়ের মতো পুরো পরিকাঠামো বা ইকোসিস্টেম গুঁড়িয়ে দেওয়ার আহ্বান জানান।

তিনি বলেন, সন্ত্রাসবাদে দ্বিমুখী নীতির স্থান থাকতে পারে না। শীর্ষ সম্মেলনের পর, এসসিও-র সদস্য রাষ্ট্রগুলির শীর্ষ নেতারা সংগঠনের ২৬তম সম্মেলন উপলক্ষে 'বিশকেক ঘোষণা'-য় স্বাক্ষর করেন। এই সম্মেলনে সদস্য রাষ্ট্রগুলি আধুনিক নিরাপত্তা হুমকি মোকাবিলায় গৃহীত একগুচ্ছ প্রস্তাবে স্বাক্ষর করেছে। এসসিও শীর্ষ সম্মেলনে ভাষণদানকালে প্রধানমন্ত্রী শ্রী মোদী বিশ্বের বিভিন্ন প্রান্তে চলমান সংঘাত নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, যুদ্ধ বা সংঘাত কোনো সমস্যার সমাধান নয়; বরং আলোচনা ও কূটনীতির মাধ্যমেই সব বিরোধের নিষ্পত্তি হওয়া উচিত। প্রধানমন্ত্রী

মোদী উল্লেখ করেন, গত বছর ভারতের প্রস্তাবিত 'সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন সিভিলাইজেশন ডায়ালগ ফোরাম'-এর প্রথম অধিবেশন এই বছর ভারতেই অনুষ্ঠিত হতে যাচ্ছে।

************************

**India tour of Belgium PM :**

বেলজিয়ামের প্রধানমন্ত্রী বার্ট ডি ওয়েভার আগামীকাল তিনদিনের ভারত সফরে আসছেন। সফরকালে তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্ক এবং আন্তর্জাতিক বিষয়ে আলোচনা হবে। এছাড়া, ভারত-ইউরোপীয় ইউনিয়ন "মুক্ত বাণিজ্য চুক্তি" বিষয়ক এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ডি ওয়েভার বক্তব্য রাখবেন।

******************************

**Financial Assistance-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন গত তিন বছরে বন্যা, ঝড়ও ভূমিধসে ক্ষতিগ্রস্ত ১ লক্ষ ১০ হাজার ৮৩৪টি পরিবারকে ১৪২ কোটি ২৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। বিধানসভায় বিধায়ক সুদীপ রায় বর্মণের প্রশ্নের উত্তরে তিনি এতথ্য জানান।

***************************

**Sugar :**

কেন্দ্রীয় সরকার মজুতদারদের চিনি মজুত রাখার সর্বোচ্চ সীমা হ্রাস করেছে। বর্তমানের ৪ হাজার কুইন্টাল থেকে কমিয়ে মজুতের পরিমাণ ২ হাজার কুইন্টাল করা হয়েছে। এই নতুন নিয়ম আগামী ১৫ই সেপ্টেম্বর থেকে কার্যকর হবে এবং ৩০শে নভেম্বর পর্যন্ত কার্যকর থাকবে। সংশোধিত নিয়ম অনুযায়ী, কোনো চিনি মজুতদার চিনি হাতে পাওয়ার পর তা ৩০ দিনের বেশি নিজের কাছে রাখতে পারবেন না। তবে, বাজারের বিশেষ

চাহিদার কথা বিবেচনা করে কলকাতা এবং এর সংলগ্ন মেট্রো এলাকার জন্য মজুত রাখার সীমা ৪ হাজার কুইন্টাল বহাল রাখা হয়েছে।

****************************

**Nepal Flood :**

নেপালে ভয়াবহ আকস্মিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৯৮৭। সরকারি আধিকারিকরা জানিয়েছেন, দেশের আটটি জেলা থেকে নিরাপত্তাবাহিনী আরও বেশ কিছু মৃতদেহ উদ্ধার করেছে। মাঝে মাঝে বৃষ্টি এবং নতুন করে বন্যার সতর্কতার কারণে উদ্ধারের কাজ ব্যাহত হচ্ছে। বিভিন্ন জেলার নদীগুলিতে জলস্তর বাড়ায় পরিস্থিতি আরও উদ্বেগজনক হয়ে উঠেছে। সরকারী তথ্য অনুযায়ী, প্রায় ৪ হাজার মানুষ এখনও নিখোঁজ, যার মধ্যে ৫৮৩ জন বিদেশি এবং বেশ কয়েকজন নিরাপত্তাকর্মী রয়েছেন। এখনও পর্যন্ত প্রায় ১২ হাজার মানুষকে উদ্ধার করা হয়েছে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৮ ডিগ্রী সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ২.৮ মিলিমিটার।

***************************

**State Level School Sports Competition–Udaipur :**

রাজ্যভিত্তিক স্কুল হ্যান্ডবল প্রতিযোগিতা আজ থেকে উদয়পুরে শুরু হয়েছে। উদ্বোধন করেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। রাজ্যের ৮টি জেলা থেকে অনূর্ধ্ব ১৭ বালক ও বালিকা বিভাগে ১৬০

জন খেলোয়াড় এই প্রতিযোগিতায় অংশ গ্রহণ করেছে। উদ্বোধনী ম্যাচে বালক বিভাগে দক্ষিণ জেলা ৪-১ গোলে সিপাহীজলা জেলাকে পরাজিত করে।

**************************

**Messi-retire :**

আন্তর্জাতিক ফুটবল থেকে অবসরের ঘোষণা করেছেন লিওনেল মেসি। এর মাধ্যমে আর্জেন্টিনার জার্সিতে তাঁর ২০ বছরের দীর্ঘ কেরিয়ারের ইতি ঘটতে চলেছে। বিশ্বকাপ ও দুটি কোপা আমেরিকা জয় সহ দেশের হয়ে রেকর্ড সংখ্যক ২০৭টি ম্যাচ খেলেছেন তিনি। ৩৯ বছর বয়সি মেসি জানিয়েছেন, স্পেনের কাছে পরাজয় এবং বাবার মৃত্যুর পর অবসরের সিদ্ধান্তে তিনি আরও দৃঢ় হন।

মেসি তাঁর ইনস্টাগ্রামে একটি লিখিত বিবৃতি প্রকাশ করে অবসরের কথা জানান।

**************************